# ALAM KHORSHED TRIBUTE TO MARY FRANCES DUNHAM

[Oct 12, 2021 https://www.facebook.com/alam.khorshed.94/posts/10159208313657295]

Alam Khorshed is with Mahrukh Mohiuddin and 6 others.
October 12 at 8:12 PM ·

বাংলাদেশ তার এক পরম সুহৃদকে হারালো। মেরি ফ্রান্সেস ডানহাম, যাঁর জন্মও হয়েছিল ঠিক বাংলাদেশের স্বাধীনতা দিবসের তারিখটিতেই, ১৯৩২ সালে, ফ্রান্সের এক পাড়াগাঁয়ে, গত পরশু ৮৯ বছর বয়সে নিউইয়র্কে, তাঁর দ্বিতীয় স্বদেশভূমিতে, শেষ নিশ্বাস ত্যাগ করেন। এর আগে, ১৯৬০ থেকে ৬৭, এই দীর্ঘ সাতটি বছর তিনি কাটিয়েছিলেন স্বাধীনতাপূর্ব বাংলাদেশ তথা ঢাকা শহরে, তাঁর জীবনসঙ্গী স্থপতি ড্যানিয়েল ডানহামের সঙ্গে। ড্যানিয়েল তখন তৎকালীন প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে স্থাপত্য বিভাগ চালু করা ও সেখানে শিক্ষাদানের কাজে নিয়োজিত ছিলেন। পাশাপাশি তিনি নির্মীয়মাণ কমলাপুর রেলস্টেশনের অন্যতম স্থপতি হিসাবেও কাজ করছিলেন।

আর মেরি ব্যস্ত ছিলেন বাংলা ভাষা, সংস্কৃতি, সমাজ ও ইতিহাস অধ্যয়নের কাজে। এতটাই যে, কিছুদিনের মধ্যেই তিনি তখন ঢাকাবাসী আরও দুয়েকজন বিদেশিনীর সঙ্গে মিলে প্রকাশ করে ফেললেন ঢাকার ওপর লিখিত প্রথম গাইডবই 'লিভিং ইন ঢাকা'। এখানেই থেমে থাকেননি তিনি। বাংলাদেশের গ্রামীণ সংগীত, নাটক, সংস্কৃতির মাধুর্য ও শক্তিমত্তায় আকৃষ্ট হয়ে, সংগীত-নৃতত্ত্বে উচ্চতর শিক্ষাগ্রহণ করে, তারই আলোকে রচনা করেন বাংলাদেশের জারিগান নিয়ে গবেষণামূলক একখানি মহাগ্রন্থ Jarigan: Muslim Epic Songs of Bangladesh, যেটির প্রকাশক বাংলাদেশের বনেদি প্রকাশনা সংস্থা ইউপিএল। এছাড়া ভারতীয় উচ্চাঙ্গসংগীত বিষয়েও তাঁর যথেষ্ট ব্যুৎপত্তি ছিল। এরই আলোকে তিনি আরও একটি সংগীতবিষয়ক গ্রন্থ, Ravi Shankar: Learning Indian Music, A Systematic Approach রচনা করেন যার সঙ্গে একটি নির্দেশিকামূলক ক্যাসেটও সংযুক্ত ছিল।

বাংলাদেশের দুই কীর্তিমান লেখক আহমদ ছফা ও সলিমুল্লাহ খানের সঙ্গেও তাঁর গভীর ঘনিষ্ঠতা ছিল। তিনি, আহমদ ছফা ও সলিমুল্লাহ খান মিলে আহমদ ছফার অনন্য গ্রন্থ 'পুষ্প বৃক্ষ এবং বিহঙ্গ পুরাণ' ইংরেজিতে অনুবাদ করেন। ঘটনাচক্রে তাঁর কন্যা ক্যাথরিন ডানহামের সৌজন্যে এর পাণ্ডুলিপিটি কয়েকবছর আগে আমার হাতে আসে। আমি সেটি ঢাকা ট্রিবিউন পত্রিকার সাহিত্য সম্পাদক ও মেধাবী অনুবাদক রিফাত মুনিমের সহৃদয় সহযোগিতায় তার সম্পাদিত সাপ্তাহিক সাহিত্য সাময়িকীর পাতায় ধারাবাহিকভাগে প্রকাশের উদ্যোগ নিই। কিন্তু আমাদের দুর্ভাগ্য কয়েক কিস্তি ছাপানোর পরই সর্বগ্রাসী করোনার আগ্রাসনে সেটির প্রকাশ স্থগিত হয়ে যায়। আশা করি রিফাত মুনিম এই মহীয়সী নারীর স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে এটি পুনঃপ্রকাশের উদ্যোগ নেবেন।

এখানে উল্লেখ্য, আহমদ ছফার সঙ্গে মেরি ফ্রান্সেসের চিঠিপত্র ও আনুষঙ্গিক আরও অনেক কাগজপত্রের বিশাল এক সংগ্রহ ছিল তাঁর কাছে। বন্ধুরা জেনে খুশি হবেন অনেক সাধ্যসাধনা করে, তাঁর গুণী কন্যার একনিষ্ঠ সহযোগিতার কল্যাণে, অবশেষে এই দুই সপ্তাহ আগে আমরা সেগুলোকে বাংলাদেশে আনাতে সক্ষম হয়েছি। এই মহামূল্যবান দলিলপত্রসমূহ এ-মুহূর্তে সলিমুল্লাহ খানের জিম্মায় তাঁর কর্মস্থল ইউনিভার্সিটি অভ লিবারেল আর্টস বাংলাদেশে সংরক্ষিত রয়েছে।

মেরি আরও একটি গুরুত্বপূর্ণ কাজ করেছেন তাঁর অবসরের দিনগুলোতে। সেটি হচ্ছে, তাঁর ঢাকাবাসের দিনগুলোর ওপর পাঁচখণ্ডের একটি অমূল্য স্মৃতিকথা Some Weep, Some Laugh: Memoirs of an American Family in Dhaka 1960 - 1967 রচনা করা। তাঁর কর্তব্যপরায়ণ কন্যা এটিকেও খুব যত্নসহকারে তাঁদের পারিবারিক ওয়েবসাইটের মাধ্যমে এর সংরক্ষণ ও প্রচারণার কাজ করে আসছেন সাধ্যমতো। কিন্তু আমার মনে হয় গ্রন্থটির গুরুত্বের কথা ভেবে বাংলাদেশেরই কোনো প্রতিষ্ঠান কিংবা প্রকাশনা সংস্থার এগিয়ে আসা উচিত আমাদের ইতিহাসের আকর এই গ্রন্থটির আশু প্রকাশনা এমনকি বাংলা অনুবাদের কাজে।

শুধু কথা নয়, কাজ দিয়েই আমাদের এই অকৃত্রিম বাংলাদেশ অনুরাগী মহীয়সী নারীর অপরিসীম ঋণপরিশোধের উদ্যোগ নিতে হবে। মেরি ফ্রান্সেস ডানহাম আপনি আমাদের আনত অভিবাদন গ্রহণ করুন।





*Corrections:

1. She was born in Summit New Jersey but spend her early childhood in France
2. She received an MA from Columbia in Indic Studies
3. She worked closely with and edited Ravi Shankar's book: *Learning Indian Music*

Bangladesh has lost one of its best friends. Mary Frances Dunham, who was born in 1932, in a French village,[1]* on the very day of Bangladesh's Independence Day, died in her second homeland New York, the day before yesterday. She spent seven long years, from 1960 to 1967, in Dhaka of pre-independence Bangladesh, with her partner, architect Daniel Dunham. Daniel was engaged in initiating and teaching in the Department of Architecture at the then University of Engineering. He was also working as one of the architects of the Kamalapur railway station under construction.

And Mary was busy studying Bengali language, culture, society and history. So much so that, within a short period, she, along with a couple of other foreigner women, published the first guidebook on Dhaka, *'Living in Dhaka'*. She did not stop there. Attracted by the beauty and strength of the rural music, drama and culture of Bangladesh, she received higher education in music and anthropology.[2]* She went on to write a great research book - *Jarigan: Muslim Epic Songs of Bangladesh*, published by UPL, a well established publishing house of Bangladesh. She was also well versed in Indian classical music. She wrote[3]* another book on music, Ravi Shankar: *Learning Indian Music, A Systematic Approach*, with an instructional cassette attached.

She was also closely associated with Ahmad Sofa and Salimullah Khan, two renowned writers of Bangladesh. She, Ahmad Sofa and Salimullah Khan together translated Ahmad Sofa's unique book '*Pushpa Vriksha and Bihanga Purana*' into English. Coincidentally, the manuscript somehow reached me a few years ago, through her accomplished daughter Katherine Dunham. I took the initiative to publish it as a series in the weekly literary magazine with the help of Rifat Munim, the literary editor and meritorious translator of *Dhaka Tribune*. After the publication of a few installments, unfortunately its publication was stopped due to the aggression of Corona. I hope Rifat Munim will take the initiative to republish it in homage to the memory of this majestic woman.

It is worth mentioning here that Mary Frances had a large collection of her correspondence with Ahmed Sofa and many other related documents. Friends will be happy to know that with a lot of effort, thanks to the dedicated cooperation of her gifted daughter, we were finally able to bring them to Bangladesh two weeks ago. These valuable documents are currently in the custody of Salimullah Khan at his place of work, the University of Liberal Arts Bangladesh.

Mary Frances did another important job in her spare time. That is writing a five volume invaluable memoir about her days in Dhaka - *Some Weep, Some Laugh: Memoirs of an American Family in Dhaka 1960 - 1967*. Her dutiful daughter has also been working very hard to preserve and promote it through their family website. I think, considering the value of the book, some organization or publishing house from Bangladesh itself should come forward to immediately publish and even to translate this book full of historical documentation.

We can only try and repay the immense debts to this genuine friend of Bangladesh and a great woman, through our work. Mary Frances Dunham, we humbly salute you!

*English translation courtesy of Google Translate and Samia Zaman*